

133

আবুলকের কাগজ

তারিখ ... 1.7. E.E.B 1996 ...

পৃষ্ঠা ১ কলাম ২

অবশেষে সেনবাগ থানা শিক্ষা কর্মকর্তার প্রকাশ্যে ক্ষমা প্রার্থনা

নোয়াখালীর সেনবাগ থানা শিক্ষা কর্মকর্তা আব্রাহাম আলী শিক্ষকদের কাছে প্রকাশ্যে ক্ষমা চাওয়ার খবর পাওয়া গেছে। জানা যায়, গত ১৬ জানুয়ারি থানা প্রাথমিক শিক্ষক-শিক্ষিকাদের সমন্বয় সভা থানা গণমিলনায়তনে সকাল ১১টায় থানা সহকারি শিক্ষা কর্মকর্তা হুমায়ন কবিরের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। এই সভায় থানা নির্বাহী কর্মকর্তা আবদুল আউয়াল থানা শিক্ষা কর্মকর্তা আব্রাহাম আলীকে নিয়ে দুপুর ১টার সময় শিক্ষক-শিক্ষিকাদের সমন্বয় সভায় উপস্থিত হলে উপস্থিত শিক্ষক-শিক্ষিকাদের মধ্যে উত্তেজনা দেখা দেয় এবং শিক্ষা কর্মকর্তার উপস্থিতির তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়ে

শিক্ষক-শিক্ষিকারা তাকে সমন্বয় সভা থেকে বের হয়ে যেতে বলে। থানা নির্বাহী কর্মকর্তার হস্তক্ষেপে পরিস্থিতি স্থানান্তরিত হয়। এর পর শিক্ষা কর্মকর্তা আব্রাহাম আলী সমন্বয় সভায় দাঁড়িয়ে উপস্থিত শিক্ষক-শিক্ষিকাদের কাছে প্রকাশ্যে ক্ষমা চেয়ে নেয়। উল্লেখ্য, গত ১৪ জানুয়ারি শিক্ষা পক্ষ ১৬ উপলক্ষে সেনবাগ সরকারি পাইলট হাই স্কুল মাঠে খেলাধুলা চলছিলো। এ সময় কাবিলপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা কামরুন নাহারের সঙ্গে অশালীন আচরণ করাকে কেন্দ্র করে এই ঘটনা ঘটে। সেনবাগ থেকে খোরশেদ আলম।

SHEET

OF

SHEETS